দৈনিক ইত্তেফাক

তারিখ ...03 NOV 1990...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

58

## শিক্ষক সমিতি ১১ই নভেম্বর ক্লাস নিতে চান

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি পৃথক সভায় দুইটি পৃথক তারিখে বিশ্ববিদ্যালয় খুলিয়া

(২য় পৃঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

দেওয়ার দাবী করিয়াছে। বুধবার সিণ্ডিকেটের সভায় শিক্ষা প্রতিষ্ঠান আদেশ বাতিল করিয়া ১২ই নভেম্বর বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে সরকারের সহযোগিতা কামনা করা হয়। একইদিনে শিক্ষক সমিতির সভায় শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ প্রত্যাখ্যান করিয়া ১১ই নভেম্বর বিশ্ববিদ্যালয় খোলার উদ্যোগ গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান হয়। শিক্ষক সমিতির সভার সিদ্ধান্ত অনুযায়ী ১১ই নভেম্বর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ কালো ব্যাজ ধারণ করিয়া ক্লাসে গমন করিবেন। ১১ই নভেম্বর হল খুলিয়া দেওয়ার জন্য তাঁহারা আহ্বান জানান।

শিক্ষক সমিতির দাবীর প্রেক্ষিতে বুধবার দুপুরে সিণ্ডিকেটের জরুরী সভা অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় শিক্ষক সমিতির সভায় সিণ্ডিকেট সভার সিদ্ধান্ত পর্যালোচনা করিয়া শিক্ষকবৃন্দ ঐক্যমতে পৌঁছান। সভায় বলা হয়, সিণ্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ১২ই নভেম্বর বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবীর প্রতি সমর্থন জ্ঞাপন করা মানেই শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ মানিয়া নেওয়া। অধ্যাদেশে ১২ই নভেম্বর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধের উল্লেখ রহিয়াছে। কাজেই এই অধ্যাদেশ প্রত্যাখ্যানের নিদর্শনস্বরূপ শিক্ষকবৃন্দ নিজেরাই একদিন আগে ছাত্রদের ক্লাস নিতে চান।

ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত সিণ্ডিকেটের সভায় শিক্ষক সমিতি, ডাকসু সহ বিভিন্ন মহল কর্তৃক বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার দাবী উল্লেখ করিয়া তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা-সহ অপর একজন আইনজ্ঞের পরামর্শ অনুযায়ী দেখা যাইতেছে যে, শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশের বিরুদ্ধে কোর্টে মামলা চলিতেছে। কাজেই মামলার রায়ের পূর্বে এব্যাপারে সিদ্ধান্ত নেওয়া কঠিন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ বলেন, আমরা শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ মানি না। কাজেই শিক্ষক সমিতির সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষকবৃন্দ ১১ই নভেম্বর হইতে ক্লাস গ্রহণ করিবেন।

এদিকে বিশ্ববিদ্যালয় খোলা এবং সামগ্রিক পরিস্থিতি আলোচনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১১ই নভেম্বর সিণ্ডিকেটের সহিত ডাকসু বিভিন্ন হল সংসদের ভিপি, জি, এস এবং ২২ ছাত্র সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দের এক যৌথসভা আহ্বান করিয়াছে।